



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২৮/০২/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ‘যন্ত্রযুগ ও জীবনানন্দ দাশ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের আয়োজনে ‘যন্ত্রযুগ ও জীবনানন্দ দাশ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৮ ফেব্রুয়ারি সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল একাডেমিক ভবনের একটি কক্ষে সেমিনারটি অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান, জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন এর সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন কোলকাতা সুরেন্দ্রনাথ কলেজের অধ্যক্ষ ড. জহর সেনমজুমদার। এছাড়াও সেমিনারে আরও বক্তব্য রাখেন জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের ‘বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট’ এর পরিচালক ড. রেজাউল ইসলাম। এসময় বাংলা, ইংরেজি এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষকমন্ডলীসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাংলা বিভাগের চেয়ারম্যান মোহসিনা হোসাইন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস